তোমাদের কারো যদি একটি জুতার ফিতা ছিড়ে যায়, তখন সে যেন তা মেরামত না করা পর্যন্ত এক জুতা পায়ে দিয়ে না হাঁটে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “তোমাদের কারো যদি একটি জুতার
ফিতা ছিড়ে যায়, তখন সে যেন তা মেরামত না করা পর্যন্ত এক জুতা পায়ে দিয়ে না হাঁটে।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

কারো একটি জুতার ফিতা ছিড়ে গেলে এবং সেটি পায়ে দিয়ে চলতে সক্ষম না হলে তখন এক জুতা পায়ে হাঁটতে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। বরং সে ছিড়ে যাওয়া জুতাটি মেরামত করবে অথবা অপরটি খুলে রেখে খালি পায়ে হাঁটবে।

https://sunnah.global/hadeeth/bn/show/8907